



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/ ১৪৪/৪

তারিখঃ ১১.০৭.২০১৮খ্রিঃ

বিষয়ঃ রিট পিটিশন নং- ১১০৪/২০১৮ দায়ের এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/৯২২/৪; তারিখঃ ২৩.০৫.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ আবুল বাসার চাকুরীতে পুনর্বহালের জন্য বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির আদেশ প্রদান সত্ত্বেও ম্যানেজিং কমিটি কর্তৃক বাস্তবায়িত না হওয়ায় গত ২০.১১.২০১৭খ্রিঃ তারিখে অত্র বোর্ডে আবেদন দাখিল করেন। পরবর্তীতে একই বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১১০৪/২০১৮ দায়ের করেন। রিট পিটিশন নং- ১১০৪/২০১৮ দায়ের এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট সুপার জনাব মোঃ আবুল বাসার এর ২০.১১.২০১৭খ্রিঃ তারিখের আবেদন নিষ্পত্তির জন্য আদেশ জারি করেছেন। উক্ত আদেশের প্রেক্ষিতে সুপার জনাব মোঃ আবুল বাসার ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া ও ভারপ্রাপ্ত সুপার এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রার্থনা করেছেন।

ইতোমধ্যে বোর্ড তথা সরকারি আদেশ অমান্য করায় এবং সৃষ্ট জটিলতা নিরসনে বোর্ডকে সহযোগিতা না করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/২১১৭১২০৮০৮১/৪৭৮৬/নথি নং- ৭৪; তারিখঃ ২৫.০১.২০১৮ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে ০৭/০৫/২০১৮খ্রিঃ তারিখে ভারপ্রাপ্ত সুপার যে জবাব দাখিল করেছেন, তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় এবং কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি কোন জবাব দাখিল করেননি বিধায় ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়ার বিষয়ে তার কোন বক্তব্য নেই মর্মে প্রতীয়মান হওয়ায় সূত্রে উল্লিখিত স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হয়েছে।

বর্ণিত অবস্থায় এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/২১১৭১২০৮০৮১/৪৭৮৬/নথি নং- ৭৪; তারিখঃ ২৫.০১.২০১৮ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়ার বিষয়টি সুপারকে জানিয়ে দেয়া হলো এবং মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপারকে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সুপার জনাব মোঃ আবুল বাসার এর নিকট দায়িত্ব হস্তান্তর করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব মোঃ আবুল বাসার, সুপার, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর।

২) ভারপ্রাপ্ত সুপার, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর।

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/

তারিখঃ ০৭.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪